ভোরের কাগজ

181

তারিখ MAR 13 2000
পৃষ্ঠা 2 কলাম 8

# এসএসসি ও দাখিল পরীক্ষা, গতকাল ছিল শান্তিপূর্ণ

কাগজ প্রতিবেদক : এসএসসি পরীক্ষার নবম দিনে গতকাল রোববার কোথাও বড়ো ধরনের কোনো গোলযোগ হয়নি। বিভিন্ন সূত্র জানায়, 'ছোট পরীক্ষার' কারণে নকলপ্রবণতাও অন্য পরীক্ষার চেয়ে অনেক কম ছিল। ফলে ছাত্র ও শিক্ষক বহিষ্কারের সংখ্যাও কমে যায়। ঢাকা বোর্ডে গতকাল ১৯ জন পরীক্ষার্থীকে নকলের দায়ে বহিষ্কার করা হয়। এ ছাড়াও একটি পরীক্ষা কেন্দ্র থেকে ১৬ জন পরীক্ষার্থী প্রবেশপত্রে ভুল থাকায় চতুর্থ বিষয়ের পরীক্ষা দিতে পারেনি।

ঝালকাঠি প্রতিনিধি জানান, কাঠালিয়া সদর দাখিল মাদ্রাসা কেন্দ্রে গতকাল দাখিল পরীক্ষা ১৫ মিনিট বিলম্বে শুরু হয়। মাদ্রাসা ছাত্রদের মারমুখী বিক্ষোভের মুখে এই মাদ্রাসা কেন্দ্রের ৫২ জন পরীক্ষার্থী বৈধ রেজিস্ট্রেশন ছাড়াই পরীক্ষা দিয়েছে। এই পরীক্ষার্থীদের বৈধ রেজিস্ট্রেশন নেই বলে অভিযোগ রয়েছে। সে কারণে পরীক্ষা শুরু করতে বিলম্ব হয়। ছাত্র/ছাত্রীদের দাবি এটা তাদের নয়, মাদ্রাসা কর্তৃপক্ষের ভুল। মাদ্রাসা কর্তৃপক্ষ বোর্ড থেকে রেজিস্ট্রেশনের ডুপ্লিকেট এনে দেখানোর শর্তে তাদেরকে পরীক্ষায় অংশ নিতে দেওয়া হয়।

বার্তা সংস্থা ইউএনবি জানায়, বাগেরহাটের চিতলমারী এসএসসি পরীক্ষা কেন্দ্রে গার্হস্থ্য অর্থনীতির ১৬ জন পরীক্ষার্থী গতকাল পরীক্ষায় অংশ নিতে পারেনি। তাদের পরীক্ষার প্রবেশপত্রে 'চতুর্থ বিষয়'-এর ঘরটি ফাঁকা থাকায় তারা পরীক্ষা দিতে পারেনি। এই ১৬ জন পরীক্ষার্থী চিতলমারী হাসিনা বেগম গার্লস হাই স্কুল, বোয়ালিয়া হাই স্কুল এবং জিজি হাই স্কুলের ছাত্রী। হাসিনা বেগম গার্লস হাই স্কুলের প্রধান শিক্ষিকা সালমা বেগম এজন্য সংশ্লিষ্ট শিক্ষা বোর্ডকে অভিযুক্ত করে বলেন, তারা চতুর্থ বিষয়ের ঘরটি পূরণ করেনি।